



কিভাবে টিপিট্যাপ তৈরি করবেন

গুরুত্বপূর্ণ সময়গুলো, যেমন - পায়খানা থেকে আসার পর এবং নিজে ও শিশুকে খাওয়ানোর আগে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস গড়ে তুললে, আপনি আপনার পরিবারকে ডায়রিয়া ও অন্যান্য মারাত্মক রোগের হাত থেকে রক্ষা করতে পারবেন।

টিপিট্যাপ অল্প পানিতে হাত ধোয়ার একটি অতি সহজ পদ্ধতি যা প্রায় বিনা খরচে বাড়িতেই তৈরি করা যায়। বিশেষ করে, যেখানে পানির স্বল্পতা আছে সেখানে এটি প্রবাহমান পানির একটি উত্তম উৎস হতে পারে।

টিপিট্যাপ তৈরি করতে যতটা সম্ভব বড় একটি পরিষ্কার পানির বোতল, একটি ছুরি/পেরেক, মোমবাতি, সুতলি/দড়ি, নেটের ব্যাগ, দিয়াশলাই ও সাবান যোগাড় করুন।



প্রথমে ছুরি/পেরেকটিকে মোমবাতির আগুনে গরম করে নিন।

একটি পরিষ্কার পানির বোতল খোলা অবস্থায় বোতলের তলা থেকে দুই আঙুল পরিমাণ উপরে ছিদ্র করুন।



বোতলটি পানি দ্বারা পূর্ণ করে মুখটি ভালভাবে বন্ধ করে দিন এবং বোতলটি একটি উঁচু স্থানে রাখুন অথবা কোন খুঁটি/বাঁশের সাথে রশি দিয়ে ঝুলিয়ে দিন।

পায়খানা এবং রান্নাঘরের কাছাকাছি স্থানে এটি স্থাপন করুন।

পানি ভর্তি বোতলের পাশে নেটের ব্যাগে সাবান ঝুলিয়ে রাখুন যাতে ছুরি বা হারিয়ে যেতে না পারে।





তৈরি হয়ে গেল আপনার টিপিট্যাপ!

এবার হাত ধোয়ার সময় বোতলের মুখ অল্প করে খুলে দিলে
পানি বের হবে।



হাত ধোয়া শেষ হওয়ার পর বোতলের মুখ বন্ধ করে দিলে
পানি পড়া বন্ধ হয়ে যাবে।

বোতলের পানি শেষ হয়ে গেলে আবার তা মনে করে ভরে
রাখুন।

